



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়ের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মো: ফখরে আলম ইবনে তাবিব নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	২১/০৬/২০২৪খ্রিঃ
সভার সময়	বেলা ২.০০ ঘটিকা
স্থান	প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতেই সেবা প্রদান প্রতিশ্রুতি এর ফোকাল পয়েন্ট মোঃ মাহমুদুল হাসানকে সভার কার্য শুরু করতে বলেন। ফোকাল পয়েন্ট মোঃ মাহমুদুল হাসান তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়বস্তু	আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। সিদ্ধান্ত: ক) মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে তার স্ক্রিনশট সদর দপ্তরে প্রেরণ করতে বলা হয়। খ) “সেবা প্রদান প্রতিশ্রুতি” কি কি পরিবর্তন হয়েছে তা পত্র আকারে স্ক্রিনশটসহ যথাসময়ে সদরদপ্তরে প্রেরণ করতে হবে। গ) “সেবা প্রদান প্রতিশ্রুতি” সম্পর্কে অংশীজনদের অবহিত করতে হবে।	মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ
২.	সদর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। হালনাগাদকৃত অংশ জারিকৃত পত্রসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে। সিদ্ধান্ত: ক) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। খ) সেবা প্রদান প্রতিশ্রুতির অন্তর্ভুক্ত সেবাসমূহ দায়িত্বরত কর্মকর্তাকে যথাযথভাবে পালন করতে হবে।	আইসিটি শাখা সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৬-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০২.০০৭.২০.১৭১

১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।;
- ২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);
- ৩। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল) এবং
- ৪। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল)।



Sukri

৩০-০৬-২০২৪

সুবীর কুমার বিশ্বাস
তুলা উন্নয়ন কর্মকর্তা